ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



এবার শাহরুখ খানকেও হত্যার হুমকি? পৃঃ ৫



৪ থেকে ৬ সপ্তাহের জন্য ছিটকে গেলেন নেইমার পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩০৫ ● কলকাতা ● ২৭ কার্তিক, ১৪৩১ ● বুধবার ● ১৩ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ২০২৬ এর আগেই অভিষেকের সরকারে অভিষেক? পাবেন স্বরাষ্ট্র দফতরের দায়িত্ব?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একই লোক চালাতে পারে নাকি? এই লোড নিতে পারে? এত বড় ১০ কোটি লোকের রাজ্য' - কিছুদিন আগেই এমন মন্তব্য করতে শোনা গিয়েছিল তৃণমূলের বর্ষীয়াণ নেতা সৌগত রায়কে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন্মদিনের ঠিক আগে, কুণাল ঘোষও তাৎপর্যপূর্ণভাবে মন্তব্য করেছিলেন, 'সময়ের নিয়মে মমতাদির পর একদিন বাংলার মুখ্যমন্ত্রী হবে অভিষেক, তৃণমূল কংগ্রেসের সেনাপতি থেকে যুগান্তরের পতাকায় কান্ডারী।' এবার সেই সুরে সুর মেলালেন বিধায়ক হুমায়ুন কবীরও।সৌগত রায়ের মতোই তাৎপর্যপূর্ণভাবে, অভিষেককে উপ মুখয়মন্ত্রী পদে দেখতে চাওয়ার কারণ হিসেবে হুমায়ুন কবীরের গলায় উঠে এসেছে মমতা বন্দেয়াপাধয়ায়ের কাজের চাপ কমানোর প্রসঙ্গ। তিনি বলেন, ' এর থেকে অনেক ছোট রাজ্য সেখানে দেখবেন সিএম আছে, কোথাও সেখানে দু-দুটো ডেপুটি সিএম আছে। অভিষেক বন্দ্যোপাধ্যায় যেহেতু যোগ্য উত্তরসুরী হয়ে উঠেছেন আমার মনে হয়, আমাদের আবেদন বলতে পারেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়কে এখনই গুরুত্বপূর্ণ সাংগঠনিক জায়গায় তো আছেনই, এর সঙ্গে প্রশাসনিক গুরুত্বপূর্ণ জায়গায় দিলে দল আরও শক্তিশালী হবে। দল অনেকটা পরিপূর্ণ হবে।'

২০২৬ সালের বিধানসভা ভোটের এখনও বছর দেড়েক বাকি। তার আগে কি অভিষেক বন্দেয়াপাধয়ায়ের সরকারে

এরপর ৩ পাতায়

## পেট্রোকেমের ২০০০ কোটি দিতে নির্দেশ পশ্চিমবঙ্গকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের কাছে শিল্পপতি পূর্ণেন্দু চট্টোপাধ্যায়ের টিসিজি গোষ্ঠীর যে বকেয়া আছে, অবিলম্বে সেই সংক্রান্ত দু'হাজার কোটি টাকা কলকাতা হাই কোর্টের রেজিস্ট্রারের কাছে জমা দিতে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খন্নার বেঞ্চ।সালিশি আদালতে সুপ্রিম কোর্টের তিন (যাঁদের দু'জন দেশের প্রাক্তন প্রধান বিচারপতি) গত সেপ্টেম্বরে এসেক্সের দাবিকেই মান্যতা দেয়। যার নির্যাস, বাকি প্রাপ্য ২৯৬৮.৩৩ কোটি টাকা রাজ্য দেবে এইচপিএল-কে। সঙ্গে ২০১৭ সালের ১ জুলাই থেকে (যখন থেকে আর্থিক সুবিধা বণ্টন বন্ধ করা হয়েছে) যত দিন সংস্থার তা প্রাপ্য, সেই বকেয়ার উপরে প্রতি তিন মাসে ৬% সুদও দিতে হবে। মামলার খরচ ৬.৫৫ কোটি টাকা পাবে এসেক্স।গত বছর সুপ্রিম কোর্টের তিন অবসরপ্রাপ্ত বিচারপতিকে নিয়ে তৈরি বেঞ্চ সালিশি প্রক্রিয়ার মাধ্যমে রাজ্যকে ওই পরিমাণ বকেয়া অর্থ মেটানোর নির্দেশ দিয়েছিল। সেই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় রাজ্য। আজ সেই মামলায় প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়েছে, অবিলম্বে ওই অর্থ দিতে হবে রাজ্যকে। সঞ্জীব খন্না দায়িত্ব নেওয়ার পরে রাজ্য সংক্রান্ত এটি ছিল প্রথম মামলা। পর্যবেক্ষকদের মতে, এই রায়ের ফলে রাজ্যের ঘাড়ে আরও বেশ কিছুটা আর্থিক বোঝা চাপল।হলদিয়া পেট্রোকেমিক্যালস বা এইচপিএল ছিল পূর্ণেন্দুর চ্যাটার্জি গোষ্ঠী (টিসিজি) ও রাজ্য সরকারের যৌথ প্রকল্প। সেটির নিয়ন্ত্রণ নিয়ে দীর্ঘ বিতর্কের পরে প্রায় এক দশক

এরপর ৩ পাতায়

## দুর্ঘটনায় মৃত ছাত্রের পরিবারকে ফোন মমতার, পাশে থাকার আশ্বাস মুখ্যমন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সল্টলেকে বাস দুর্ঘটনায় মৃত স্কুল ছাত্রের পরিবারের সঙ্গে কথা বললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার ঘটনার খবর পাওয়া মাত্রই উত্তরবঙ্গ থেকে মৃত ছাত্রের পরিবারকে ফোন করেন মুখ্যমন্ত্রী। বেশ কিছুক্ষণ তাঁদের সঙ্গে কথা হয়।গত বছর অগস্ট মাসে বেহালা স্কুল যাওয়ার পথে মাটিবোঝাই লরির ধাক্কা মৃত্যু হয় ক্লাস টুয়ের ছাত্র সৌরনীল সরকারের। সেদিন বাবার সঙ্গে স্কুলে যাচ্ছিল সে। রাস্তা পারাপার করার সময়ে তাদের ধাক্কা মারে ওই লরি। উত্তাল হয়ে ওঠে বেহালা। ট্রাফিক পুলিশ ও পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন ওঠে। এর কয়েক মাস পরেই বাঁশদ্রোণীতেও পে-লোডারের ধাক্কায় কিশোরের মৃত্যু হয়। এবার একই ঘটনা ঘটল সল্টলেকেও।ওই ছাত্রের পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন মমতা।

বেলা সাড়ে ১১টা নাগাদ স্কুল ছুটির পরে তৃতীয় শ্রেণির এক ছাত্র মায়ের সঙ্গে বাড়ি ফিরছিল। অভিযোগ, সেই সময়ে দুটি বাস রেষারেষি করছিল। দুটি বাসের মধ্যে একটি সল্টলেক-হাওড়া রুটের বাস চাকার তলায় পিষে দেয় ওই স্কুল পড়ুয়াকে। এরপরেই উত্তাল হয়ে ওঠে গোটা এলাকা। স্থানীয়রা দুটি বাসে ভাঙচুর চালায়। বিক্ষোভে অবরুদ্ধ হয়ে পড়ে বাইপাস।

সূত্রের খবর, এদিন দুপুরে পাহাড়ের উন্নয়নে জিটিএ বৈঠকের মধ্যেই বাসের রেষারেষিতে স্কুলছাত্রের মৃত্যুর খবর পেয়ে সেখান

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা
ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা



Girl's Hostel



Boy's Hostel

আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## ভালোবাসার তত্ত্ব উদ্বোধন করলেন বিজ্ঞানী ড. গৌতম পাল



**সংবাদ দাতা : নিউজ সারাদিন** : মঙ্গলবার ১২ নভেম্বর ২০২৪ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের শারীর বিজ্ঞান বিভাগে 'ভালোবাসার তত্ত্ব' উদ্বোধন করলেন বিজ্ঞানী ড. গৌতম পাল। উপস্থিত ছিলেন ক্রীড়া-শারীরবিজ্ঞানী ও প্রখ্যাত আবৃত্তিওয়ালা ড. পিনাকী চট্টোপাধ্যায়, উদার আকাশ প্রকাশনের প্রকাশক ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের গবেষক ফারুক আহমেদ, বইয়ের লেখক ও গবেষক হেমন্ত তরফদার, স্বপন বিশ্বাস ও ড. দীপান্বিতা দাশগুপ্ত। উদার আকাশ প্রকাশনের গ্রন্থ উদ্বোধনে ভারতের জাতীয় বিজ্ঞান কংগ্রেসের সভাপতি ও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি ড. গৌতম পাল ভূয়সী প্রশংসা করেন। লেখক হেমন্ত তরফদার জানান, দীর্ঘ কয়েক দশক ধরে তাঁর নিরলস বৈজ্ঞানিক গবেষণার ফসল এই ভালোবাসার নতুন সমীকরণ। তাঁর আশা এই সূত্র আগামী দিনে এই বিষয়ে গবেষণার নতুন দিগন্ত খুলে দেবে।

উদার আকাশ প্রকাশনের প্রকাশক ফারুক আহমেদ বলেন, গ্রন্থটি পাঠক দরবারে সমাদৃত হলে, আমাদের প্রয়াস সার্থক।

ড. পিনাকী চট্টোপাধ্যায় বলেন, বিষয় ভাবনা ও আঙ্গিকের দিক থেকে সমাজ বিজ্ঞানের গবেষণায় গ্রন্থটি একটি মাইলফলক হিসেবে চিহ্নিত হবে।

## হাইকোর্টে ডিভিশন বেঞ্চে রক্ষা কবজের আরজি নিয়ে গেলেন অর্জুন সিং



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন** : উত্তর ২৪ পরগনা: নিউজ সারাদিন : কলকাতা হাইকোর্টের সিঙ্গেল বেঞ্চ রক্ষাকবচ দেয়নি বিজেপি নেতা অর্জুন সিংকে। এবার তিনি দ্বারস্থ হলেন কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে। মঙ্গলবার তিনি কলকাতা হাইকোর্টে মামলার আবেদন করেছেন। আগামী কাল বুধবার এই মামলার শুনানি রয়েছে বলে খবর।বিচারপতি হরিশ ট্যান্ডন এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে মামলা দায়ের করার অনুমতি মিলেছে।আগামী কাল শুনানিতে কি রক্ষাকবচ পাবেন অর্জুন সিং? সেই প্রশ্ন থাকছেই।

রাজ্য সরকারের তদন্তকারী সংস্থা সিআইডি জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠিয়েছে অর্জুন সিংকে। সমবায় ব্যাঙ্কের আর্থিক দুর্নীতির অভিযোগের তদন্ত করছে সিআইডি। সেখানেই বিজেপি নেতা অর্জুন সিংকে ডেকে পাঠানো হয়েছে। অর্জুন সিংয়ের নাম ওই দুর্নীতির অভিযোগে রয়েছে।

এর আগে কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে আবেদন করেছিলেন অর্জুন সিং। কিন্তু সেই আবেদনে খুব একটা সাড়া দেননি বিচারপতি। ভবানী ভবনে গিয়ে জেরার মুখোমুখি হতে হবে বিজেপি নেতা অর্জুন সিংকে। এই কথা জানিয়ে দেওয়া হয়েছে। তবে ১২ নভেম্বর নয়। ১৪ নভেম্বর জেরার দিন ঠিক করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

নৈহাটিতে বিধানসভা উপনির্বাচনের আগেই খুন! অর্জুন সিংয়ের পোস্টে চাঞ্চল্য, অভিযুক্ত তৃণমূল

১৪ নভেম্বর ভবানী ভবন যাবেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং। চার ঘণ্টা তাঁকে জেরা করতে পারবেন সিআইডি তদন্তকারীরা। তদন্তের জন্য আবার ডেকে পাঠাতে পারবেন তদন্তকারীরা। তবে সেক্ষেত্রে চলতি মাসের শেষ সপ্তাহে ডাকতে হবে। এই নির্দেশ সিঙ্গেল বেঞ্চ দেয়। কিন্তু আদালতের থেকে রক্ষাকবচ পাননি প্রাক্তন সাংসদ।

## বাসের ধাক্কায় মৃত্যু হলো এক স্কুল ছাত্রের ও আহত হলেন তার মা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : দুর্ঘটনায় ফের মৃত্যু এক স্কুল ছাত্রের। দুই বাসের রেষারেষির মাঝে পড়ে প্রাণ খোয়াতে হল এক চতুর্থ শ্রেণির পড়ুয়াকে। ঘটনাকে কেন্দ্র করে উত্তপ্ত সল্টলেকের ২ নম্বর গেট চত্বর। যার প্রভাব পড়ে বাইপাসেও। প্রত্যক্ষদর্শীদের দাবি, বেপরোয়া গতিতে রেষারেষি করছিল একই রুটের ২টি বেসরকারি বাস।সেই সময় ওই রাস্তা দিয়েই মায়ের সাথে

**বেবি চক্রবর্ত্তী: কলকতা :**

বাড়ি ফিরছিল চতুর্থ শ্রেণির ওই পড়ুয়া। আচমকায় রেষারেষির সময় একটি বাস তাঁদের স্কুটিতে গিয়ে সজোরে ধাক্কা মারে। তখনই স্কুটি থেকে পড়ে যান দুজনেই। বাসের ধাক্কাতেই ঘটনাস্থলে প্রাণ হারায় ওই ছাত্র। আর তার মা আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি। এরপরই উত্তেজিত জনতা ছাত্রের দেহ আটকে সেখানেই বিক্ষোভ দেখাতে শুরু করে। বেশ কয়েকটি গাড়ির কাঁচও ভেঙ্গে দেয় ক্ষিপ্ত জনতা। একটা সময় এমনই হয়, যে এই ঘটনার জেরে উল্টোডাঙা চত্বরে গাড়ির লাইন পড়ে যায়। ই এম বাইপাসে তীব্র যানজটের সৃষ্টি হয়। প্রায় দীর্ঘক্ষণ পড়ে পুলিশি হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়। ঐ মৃত ছাত্রের দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে বলেই জানা যাচ্ছে।

## মাদক বর্জিত রাস করতে স্কুল ছাত্র-ছাত্রীদের নিয়ে পদযাত্রা বিধায়কের




**অভিজিৎ সাহা, নদিয়া**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : নদীয়ার শ্রীচৈতন্য মহাপ্রভুর শহর নবদ্বীপ বিধানসভার শহর এবং ব্লকের বিভিন্ন পঞ্চায়েতে রাস উৎসব পালন করা হয়। জোর কদমে বারোয়ারি গুলোর ঠাকুর তৈরি, প্যান্ডেল তৈরি, আলোকসজ্জা সাজানোর কাজ চলছে। প্রতিবছরের মতো এই বছরও যাতে সুস্থভাবে রাস উৎসব পালন হয় সেজন্য নবদ্বীপের বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা তিনি নেশা মুক্ত রাস উপহার দেওয়ার জন্য সকলের কাছে আবেদন জানিয়েছেন। নবদ্বীপ তাঁত কাপড় হাট কেন্দ্র থেকে মাদক বর্জিত রা স করার জন্য পদযাত্রার আয়োজন করেন ।নবদ্বীপ শহরের বিভিন্ন এলাকার প্রাথমিক বিদ্যালয় এবং উচচ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এই শোভাযাত্রায় অংশগ্রহণ করে। নবদ্বীপের রাস উৎসবের সামাজিক দূষণ রুখতে বিভিন্ন স্কুলের পড়ুয়াদের নিয়ে সোমবার দুপুরে ঢাক, স্কুলের এনসিসি ব্যান্ড এবং বিভিন্ন দেবদেবীর প্রতিকৃতি নিয়ে বর্ণাঢ্য পদ যাত্রা বের হয়। শোভাযাত্রায় অংশগ্রহণকারী নবদ্বীপের বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের হাতে থাকা প্ল্যাকার্ডে লেখা ছিল রাসে সর্বস্তরের সামাজিক দূষণ প্রতিরোধ করুন, মাদকবিরোধী অভিযান, একের আনন্দ যেন অন্যের নিরানন্দের কারণ না হয়ে ওঠে। বিভিন্ন বারোয়ারি, নবদ্বীপ পৌরসভার সমস্ত ওয়ার্ড কাউন্সিলর, নবদ্বীপ থানার আইসি জলেশ্বর তেওয়ারি, সহ বিভিন্ন মানুষ এই পদযাত্রায় অংশগ্রহণ করেন। নবদ্বীপ পৌরসভার চেয়ারম্যান বিমান কৃষ্ণ সাহা তথা রাস কমিটির সভাপতি তিনি বলেন নবদ্বীপের মানুষের কাছে রাস উৎসব গর্বের। আমরা নবদ্বীপের ভয়াবহ পরিস্থিতি দেখেছিলাম, আজ শান্ত নবদ্বীপ, তাই রাস উৎসব আমরা শান্তি শৃঙ্খলা ভাবে পালন করতে চাই। সেই কারণে আমাদের বিধায়ক কর্মসূচি নিয়েছেন মাদকবর্জিত রাস উপহার দিতে হবে। তাই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে দীর্ঘ বছর ধরেই তিনি এই চেষ্টা চালিয়েছেন আজকের দিনে অনেকটাই সফল আশা করবো আগামী দিনও আরো উন্নত মানের হবে নবদ্বীপের রাস।







## ধনিয়াখালী থানার উদ্যোগে হারিয়ে যাওয়া মোবাইল ফোন গ্রাহকদের হাতে তুলে দেওয়া হলো

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : হুগলি জেলা গ্রামীন পুলিশের ধনিয়াখালী থানার সাইবার ড্রেক্সের উদ্যোগে হারিয়ে যাওয়া বা চুরি যাওয়া ২৫ টি মোবাইল ফোন গ্রাহকদের হাতে তুলে দেয়া হলো। এই উপলক্ষে উপস্থিত ছিলেন ডিএসপি, ডি এন টি প্রিয়ব্রত বক্সী, ধনিয়াখালি থানার ওসি প্রসেনজিৎ ঘোষ সহ অন্যান্য পুলিশ

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, শিয়াখালা, হুগলি**

আধিকারিকরা। ডিএসপি জানান বিভিন্ন জায়গায় খোঁজখবর ও তদন্তের মধ্য দিয়ে আমরা এই মোবাইলগুলি উদ্ধার করতে পেরেছি এরমধ্যে একটি মূল্যবান আইফোন ও উদ্ধার করা হয়েছে। তাছাড়াও একটি মোবাইল ফোন পার্শ্ববর্তী রাজ্য ঝাড়খণ্ড থেকে উদ্ধার করে আনা হয়েছে। তিনি বলেন সারা বছর আমাদের এই মোবাইল ফোন উদ্ধার করে ফিরিয়ে দেয়ার কর্মসূচি চলে, এবং আমরা সর্বতোভাবে প্রচেষ্টা চালিয়ে হারিয়ে যাওয়া ফোনগুলি গাহকদের হাতে তুলে দিতে সচেষ্ট থাকি। গ্রাহক রাও তাদের মোবাইল ফোন ফিরে পেয়ে যথেষ্ট খুশি, তারা পুলিশের এই উদ্যোগে সাধুবাদ জানিয়েছেন।

## মা বোনদের নৃশংস খুনের বিচারের দাবিতে এবছরে সকল উৎসব বয়কট করা সত্ত্বেও দেবী জগদ্ধাত্রীর স্বপ্নাদেশ পেয়ে স্বপন দত্ত বাউল জগতের মঙ্গল কামনায় রিসরায় ছুটে গেলেন



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন** : তিলোত্তমা, অভয়াদের ছোট্ট উমাদের , মা বোনদের ধর্ষণ করে, নৃশংস খুনের সকল দোষীদের, খুনিদের, আজও বিচার হলো না কঠিন শাস্তি হলো না। ফাঁসির সাজা হলো না। নৃশংস অত্যাচারের ও খুনের স্বরযন্ত্রকারী সকল নাটের গুরুদের বিচার ও কঠিন শাস্তির দাবিতে স্বপন দত্ত বাউল এ বছরে সকল আনন্দ পুজো উৎসব বয়কট করে নির্যাতিতা নারীদের পাশে বাউল ছেলে হয়ে দাঁড়িয়ে আসছেন সবসময়। যেটা রাজ্যের দূলক্ষ লোক শিল্পী বাউলদের মধ্যে কেউ করে দেখাতে পারে নি স্বপন দত্ত বাউলের মতো। কিন্তূ রাষ্ট্রপতির প্রশংসিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী স্বপন দত্ত বাউল যে মাতৃ সাধক সকলেই জানেন। দেবী জগদ্ধাত্রী মা স্বপ্নাদেশ দিলেন স্বপন বাউলকে । এ প্রসঙ্গে স্বপন দত্ত বাউল বলেন আমি যেন স্বপ্নে দেখলাম মা জগদ্ধাত্রী আমাকে নির্দেশ দিলেন তোকে আনন্দ উৎসবে মাতামাতি করতে হবে না তুই আমার কাছে আয় জগতের মঙ্গল কামনায়। এই স্বপ্নাদেশ পেয়ে স্বপন দত্ত বাউল চন্দননগরে ছুটে আসেন দেখেন জগদ্ধাত্রী পুজো শেষ হয়ে গেছে তারপর লোক মুখে শুনে হুগলীর রিসরায় ছুটে যান দেখেন চারিদিকে মা জগদ্ধাত্রী এখনো পূজা প্যান্ডেলে অধিষ্ঠান করছেন।

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# পেট্রোকেমের ২০০০ কোটি দিতে নির্দেশ পশ্চিমবঙ্গকে

আগে সংস্থাটি রাশ হাতে নেয় টিসিজি। তখন রুগ্ণ এইচপিএলের পুনরুজ্জীবনের শর্ত হিসেবে ঠিক হয়, টিসিজি-কে দফায় দফায় মোট ৩২৮৫.৪৭ কোটি টাকা দেবে রাজ্য, বা ১৯ বছর ধরে আর্থিক সহায়তা দেবে। ঠিক হয়, দুটোর মধ্যে যেটা আগে হবে, সেটাই দেবে রাজ্য। অর্থাৎ, দফায় দফায় মোট ৩২৮৫.৪৭ কোটি টাকা ১৯ বছরের আগেই দেওয়া হয়ে গেলে আর তত দিন ধরে আর্থিক সহায়তা দিতে হবে না। সেই সময় চালু ভ্যাটের নিরিখে ওই আর্থিক সুবিধার হিসাব কষা হয়েছিল। ২০১৭-র ৩০ জুন পর্যন্ত অঙ্কটা দাঁড়ায় ৩১৭.১৩ কোটি টাকা। কিন্তু অভিযোগ, ওই বছর ১ জুলাই জিএসটি চালুর পরে টিসিজি-কে আর টাকা দেয়নি রাজ্য। টিসিজি-র অধীন এইচপিএলের প্রোমোটার সংস্থা এসেক্সের দাবি, নতুন কর ব্যবস্থার সঙ্গে ওই সুবিধার শর্তের যোগ নেই। চুক্তি অনুসারেই তা তাদের প্রাপ্য।

১-ম পাতার পর

# ২০২৬ এর আগেই অভিষেকের সরকারে অভিষেক? পাবেন স্বরাষ্ট্র দফতরের দায়িত্ব?

অভিষেক হবে? বর্তমানে স্বরাষ্ট্র দফতর মমতা বন্দেয়াপাধয়ায়ের হাতে। তিনি কি তা অভিষেকের হাতে তুলে দেবেন? সেটাই বলবে সময়। বললেন, 'অভিষেক বন্দেয়াপাধ্যায়কে উপমুখয়মন্ত্রী করা হোক। তাঁকে স্বরাষ্ট্র দফতরের দায়িত্ব দিলে দলেরই মঙ্গল।' তাহলে কি ২০২৬ এর আগে বড় কোনও চমক অপেক্ষা করে আছে বাংলার মানুষের জন্য ? পরের বিধানসভা ভোটের আগেই কি ভাগ হয়ে যাবে ক্ষমতা?

মুর্শিদাবাদের ভরতপুরের তৃণমূল বিধায়ক ও প্রাক্তন মন্ত্রী হুমায়ুন কবীর জানালেন, তাঁর মনে হয় অভিষেক বন্দ্যোপাধ্যায় দায়িত্ব নিলে সঠিক সিদ্ধান্তই নেবেন। 'উনি রাজনৈতিকভাবে যোগ্য উত্তরসুরী হয়ে উঠেছেন।'

অভিষেক বন্দ্যোপাধ্যায়কে কে কোন পদে দেখতে চান, তা নিয়ে সাম্প্রতিককালে তৃণমূলের একাধিক নেতা বিভিন্ন ইচ্ছাপ্রকাশ করেছেন। কেউ অবিলম্বে প্রশাসনে অর্থাৎ মন্ত্রিসভায় দেখতে চান তাঁকে, কেউ আবার কোন সালে অভিষেককে মুখয়মন্ত্রী দেখতে চান, তাও জানিয়েছেন। এবার হুমায়ুন কবীর একধাপ এগিয়েই চাইলেন , অভিষেক স্বরাষ্ট্রমন্ত্রকের দায়িত্ব নিন।

১-ম পাতার পর

# দুর্ঘটনায় মৃত ছাত্রের পরিবারকে ফোন মমতার, পাশে থাকার আশ্বাস মুখ্যমন্ত্রীর

থেকেই টেলিফোনে পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তীকে ফোন করেন মমতা। ঘটনায় মুখ্যমন্ত্রী এতটাই ক্ষুব্ধ যে অবিলম্বে বাসের রেষারেষি বন্ধ না হলে আইন এনে বেপরোয়া চালকদের বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় খুনের মামলা রুজু করার প্রস্তাবও দিয়েছেন পরিবহণ মন্ত্রীকে।এই ঘটনা নিয়ে উত্তাল হয়ে ওঠে সল্টলেক। যানজট তৈরি হয়। দীর্ঘক্ষণ ধরে দফায় দফায় অবরোধ চলতে থাকে। স্কুল পড়ুয়ার দেহ ঘিরে বিক্ষোভ দেখাতে থাকেন স্থানীয়রা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে বেগ পেতে হয়। পুলিশ বিক্ষোভকারীদের বুঝিয়ে অবরোধ তোলার চেষ্টা করে। স্থানীয়দের অভিযোগ, এই ঘটনা নতুন নয়। এর আগেও এমন ঘটনা ঘটেছে এলাকায়। পুলিশ ঠিক মতো ট্রাফিক নিয়ন্ত্রণ করলে এমন ঘটনা ঘটত না।

২ পাতার পর

# মা বোনদের নৃশংস খুনের বিচারের দাবিতে এবছরে সকল উৎসব বয়কট করা সত্ত্বেও দেবী জগদ্ধাত্রীর স্বপ্নাদেশ পেয়ে স্বপন দত্ত বাউল জগতের মঙ্গল কামনায় রিসরায় ছুটে গেলেন

স্বপন বাউল দেবী জগদ্ধাত্রী মায়ের কাছে বসে জগতের মঙ্গল কামনায় বাউল গানে ও মায়ের কাছে কামনা করলেন সকলের যেন ভালো হয়। স্বপন বাউল জানান আমি দেবী জগদ্ধাত্রী মায়ের কাছে প্রার্থনা করলাম যেন মা বোনদের যারা অত্যাচার , নির্যাতন, নিগ্রহ , অ্যাসিড হামলা করছে , পুড়িয়ে মারছে , নৃশংস ভাবে শারীরিক দৈহিক অত্যাচার করে খুন করছে হত্যা করেছে তাদের গ্রেফতার করে বিচার কঠিন শাস্তির ব্যবস্থা মা জগদ্ধাত্রী তুমি করে দাও । মা তুমি জগৎকে ধারণ করো তাই তো তুমি জগদ্ধাত্রী মা রুপে পূজিত, মা তুমি যদি তোমার মেয়েদের সুরক্ষা নিরাপত্তার চেষ্টায় অসুরদের কঠিন শাস্তির ব্যবস্থা না করো কে করবে মা ? আইন আদালত কঠোর নয়, দোষীদের কঠিন শাস্তি হয় না বলে দিন দিন মা বোনদের উপর অত্যাচার বেড়েই চলেছে। এভাবে বাংলার জেলায় জেলায় যদি মা বোনদের নিধন চলতে থাকে তাহলে বাংলায় মা বোনদের নারীদের আর রক্ষা করা যাবে না। স্বপন বাউল আরো বলেন আমি প্রতিদিন তারা মায়ের সঙ্গে জগদ্ধাত্রী মাকে পুজো করি মায়ের এমনই করুণা আমাকে স্বপ্নাদেশ দিয়ে ডেকে নিলেন জগতের মঙ্গল কামনা করার জন্য আমার জীবনে ধন্য।

# ফের উত্তপ্ত মণিপুর, বন্দুকযুদ্ধে নিহত ১১, কারফিউ জারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের মণিপুরে নিরাপত্তা বাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে অন্তত ১১ জন সন্দেহভাজন কুকি ওসন্ত্রাস্থী নিহত হয়েছে বলে জানানো হয়েছে। সোমবার (১১ নভেম্বর) সন্ত্রাসীরা জিরিবাম জেলার একটি পুলিশ স্টেশনে দুইদিক থেকে হামলা চালালে হতাহতের এই ঘটনা ঘটে।

এদিন সন্ত্রাসীদের হামলায় সিআরপিএফের এক জওয়ান আহত হয়েছেন। তাকে আশঙ্কাজনক অবস্থায় আসামের সিলচর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হামলার পর সিআরপিএফ অতিরিক্ত বাহিনী পাঠিয়েছে জিরিবামে

সূত্র জানিয়েছে, এলাকাটিতে এখনো অস্থিরতা বিরাজ করছে। পুলিশ স্টেশনটির পাশে একটি পুনর্বাসন কেন্দ্র রয়েছে। সেটিও সন্ত্রাসীদের নিশানা হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি জানিয়েছে, পরিস্থিতি নিয়ন্ত্রণে ওই এলাকায় কারফিউ জারি করা হয়েছে।

এদিন পুলিশ স্টেশনে হামলা শেষে সন্ত্রাসীরা জিরিবামের বরবেকরা এলাকার কাছে একটি ছোট গ্রামে পৌঁছায় এবং বাড়িঘরে আগুন দিতে শুরু করে। এসময় সন্ত্রাসীরা নিরাপত্তা বাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধও চালিয়ে যায়।

উল্লেখ্য, জিরিবাম এলাকায় এর আগেও কুকি সন্ত্রাসীদের সঙ্গে নিরাপত্তা বাহিনীর একাধিকবার সংঘর্ষ হয়েছে। এবারের সংঘর্ষে যারা নিহত হয়েছে, তারা গ্রাম স্বেচ্ছাসেবক ছিল বলে দাবি করেছে কুকি নাগরিক সমাজ। তাদের প্রাণহানির প্রতিবাদে কুকি অধ্যুষিত এলাকাগুলোতে বনধ ঘোষণা করা হয়েছে।

এর আগে, গত বৃহস্পতিবার এক হামলায় হমার জনগোষ্ঠীর এক নারী নিহত হন। ওই ঘটনায় মেইতেই সম্প্রদায় জড়িত ছিল বলে ধারণা করা হয়। পরদিন, মেইতেই সম্প্রদায়ের এক নারী ক্ষেতে কাজ করার সময় সন্দেহভাজন কুকি সন্ত্রাসীদের গুলিতে নিহত হন।

# বাংলাদেশে হিন্দুদের উপর অত্যাচার বন্ধ না হলে', কলকাতা থেকেই চরম 'বার্তা' শুভেন্দুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশে সংখ্যালঘুদের উপর হামলা। গত কয়েকমাসে পদ্মপারের দেশে বারবার হিন্দু-সহ সংখ্যালঘুরা আক্রান্ত হয়েছেন বলে অভিযোগ। তারই প্রতিবাদে মঙ্গলবার গিরি গোবর্ধনধারী চ্যারিটেবল ট্রাস্টের উদ্যোগে কলকাতায় মিছিল হয়। সেই মিছিলে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ বিজেপি নেতারা পা মেলান।এদিন বিকেল ৩টা ৫ মিনিট নাগাদ রানি রাসমণি রোড থেকে মিছিল শুরু হয়। আলিমুদ্দিন স্ট্রিটের ক্রসিংয়ে এসে শেষ হয় মিছিল। মিছিলের সামনে ছিল র‍্যাফ। ঢাক নিয়ে মিছিলে অংশগ্রহণ করেন অনেকে। লোকসভা নির্বাচনে বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র, শঙ্কুদেব পণ্ডাদের দেখা যায় মিছিলে।

বাংলাদেশে সংখ্যালঘুদের উপর হামলার নিন্দা করে শুভেন্দু বলেন, "বাংলাদেশে হিন্দু নিপীড়ন বন্ধ না হলে আমরা পেট্রাপোল সীমান্তে গিয়ে প্রতিবাদ জানিয়ে আসব। আমরা অপর ধর্মকে শ্রদ্ধা করি। কিন্তু আমরা আক্রান্ত। আমরা বাংলাদেশের ডেপুটি হাই কমিশনারকে সেই বার্তা দিতে চাই।"মিছিলে ছিলেন সন্দেশখালির নির্যাতিত মহিলারাও। মিছিল থেকে শুভেন্দু হুঁশিয়ারি দিলেন,বাংলাদেশে হিন্দু নিপীড়ন বন্ধ না হলে তাঁরা পেট্রাপোল সীমান্তে বিক্ষোভ দেখাবেন।

মঙ্গলবারের এই মিছিলের প্রথমে অনুমতি দেয়নি পুলিশ। এরপর উদ্যোক্তারা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়। শেষপর্যন্ত পুলিশের ঠিক করে দেওয়া রুটে মিছিলের অনুমতি দেয় আদালত। বিকেল ৪টে ১৫ মিনিটের মধ্যে মিছিল শেষ করতে হবে বলেও হাইকোর্ট নির্দেশ দিয়েছিল।

# কর্মসংস্থানের জন্য নয়া ঘোষণা মুখ্যমন্ত্রীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সামগ্রিক উন্নয়নে একগুচ্ছ প্রকল্পের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তরুণ প্রজন্মকে বিভিন্ন কাজের উপযোগী করে তুলতে চারটি 'স্কিল সেন্টার' চালু করার কথাও জানিয়েছেন তিনি। মঙ্গলবার রিচমন্ড হিলে পাহাড় সফরের দ্বিতীয় দিনে মমতা জিটিএ, দার্জিলিং ও কালিম্পং জেলা প্রশাসন এবং বিভিন্ন উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সঙ্গে প্রশাসনিক বৈঠক করেন।

উল্লেখ্য, ২০১৭ সালের পাহাড়ে গোর্খাল্যান্ড আন্দোলন স্তিমিত হওয়ার পরেও নির্বাচিত জিটিএ বোর্ড না-থাকায় উন্নয়নের জন্য পৃথক পৃথক বোর্ড গঠন করে দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। এখন সব মিলিয়ে মোট ১৬টি উন্নয়ন বোর্ড গঠন করা হয়েছে। প্রতি বছর ওই বোর্ডগুলির জন্য ২ কোটি টাকা করে বরাদ্দ করা হত। কিন্তু পরবর্তী সময়ে ওই সব বোর্ডের কাজ নিয়ে দুর্নীতির অভিযোগ উঠতে শুরু করে। জিটিএ-র তৎকালীন প্রশাসক এবং বর্তমান চিফ এগ্‌জ[]কিউটিভ অনিত থাপা-সহ জেলা প্রশাসনের কাছে ভূরিভূরি অভিযোগ যায়। সূত্রের খবর, মঙ্গলবারের বৈঠকে সেই সব বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন মুখ্যমন্ত্রী। তার পরেই ওই বোর্ডগুলিকে জিটিএ এবং জেলা প্রশাসনের প্রস্তাব অনুযায়ী পুনর্গঠন করার পাশাপাশি মনিটরিং সেল তৈরির সিদ্ধান্ত নেন মমতা।বোর্ড পুনর্গঠন করার পাশাপাশি ওই সমস্ত বোর্ডের অডিট, প্রকল্পের অগ্রগতির উপর নজরদারির জন্য 'মনিটরিং সেল' তৈরি করার সিদ্ধান্তের কথা জানিয়েছেন তিনি।

সেলের চেয়ারম্যান করা হবে জিটিএ-র চিফ এগ্‌জিকিউটিভ অনিত থাপাকে। ভাইস চেয়ারম্যান করা হবে মিরিক পুরসভার প্রশাসক তথা হিল তৃণমূলের চেয়ারম্যান এলবি রাইকে। এ ছাড়া মনিটরিং কমিটিতে রাখা হবে দুই জেলার

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩০৫ সংখ্যা ১৩ নভেম্বর, ২০২৪ বুধবার ২৭ কার্ত্তিক, ১৪৩১

## সম্পাদকীয়

### ঐতিহ্যের প্রতি গর্ববোধ এবং তাকে সংরক্ষণের মধ্য দিয়েই যে কোন দেশ এগিয়ে যেতে পারে, আমাদের মন্ত্র হল উন্নয়নের পাশাপাশি ঐতিহ্যকে রক্ষা করা : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের বড়তাল-এ শ্রী স্বামীনারায়ণ মন্দিরের দ্বি-শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ভাষণ দেওয়ার সময় তিনি বলেন, শ্রী স্বামীনারায়ণের আশীর্বাদে আজ হৈ মন্দিরের দ্বি-শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠিত হচ্ছে। বিশ্বের বিভিন্ন প্রান্তের ভক্তদের স্বাগত জানিয়ে তিনি বলেন, স্বামীনারায়ণ মন্দিরের ঐতিহ্যই হল মানুষের সেবা করা। ভক্তরা সেই ঐতিহ্যকেই অনুসরণ করে চলেছেন। এই উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের খবর সংবাদ মাধ্যমে দেখতে পাওয়ায় তিনি আনন্দিত। শ্রী মোদী বলেন, বড়তাল ধামের দ্বি-শতবার্ষিকী উদযাপন শুধুমাত্র এক ঐতিহাসিক ঘটনায় নয়, এই ধামের প্রতি তিনি সহ অন্যান্য শিষ্যদের যে ভক্তি রয়েছে, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভারতীয় সংস্কৃতির শাশ্বত ধারা এর মধ্য দিয়ে প্রতিফলিত হচ্ছে। শ্রী স্বামীনারায়ণের প্রতিষ্ঠিত বড়তাল ধাম ২০০ বছর পরেও অধ্যাত্ম চেতনাকে জাগ্রত করে রেখেছে। তাঁর শিক্ষার প্রভাব আজও অনুভূত হয়। মন্দিরের দ্বি-শতবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী সকল সাধু-সন্ত এবং ভক্তকে উষ্ণ অভিনন্দন জানান। কেন্দ্রীয় সরকার এই উপলক্ষ্যে ২০০ টাকার একটি রৌপ্যমূদ্রা এবং স্মারক ডাকটিকিট প্রকাশ করায় তিনি সন্তোষ প্রকাশ করেন। এই উদ্যোগ আগামী প্রজন্মকে আজকের অনুষ্ঠান সম্পর্কে বার্তা দেবে।

প্রধানমন্ত্রী বলেন, স্বামীনারায়ণের সংস্পর্শে যাঁরা এসেছেন, তাঁরা প্রত্যেকেই তাঁর দৃঢ় ব্যক্তিত্ব সম্পর্কে পরিচিত। পাশাপাশি ঐতিহ্যের সঙ্গে যে আধ্যাত্মিক এবং সামাজিক সম্পর্কে তিনি গড়ে তুলেছিলেন, সে বিষয়েও সকলের সম্যক ধারণা রয়েছে। অতীতে যে সাধুদের সৎসঙ্গ লাভ তিনি করেছেন এবং এখনও যাঁদের সংস্পর্শে তিনি আসেন, তাঁদের সকলের কাছ থেকেই দেশের উন্নয়ন সম্পর্কে নানা ধারণা তিনি পান। অন্যকিছু কাজে ব্যস্ত থাকার কারণে তিনি আজ স্শরীরে এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি, তবে বড়তাল ধামে তাঁর মন পড়ে আছে। শ্রী মোদী বলেন, বিভিন্ন সময়ে সংকটের মুহূর্তে এদেশে কোনো সাধু বা মহাত্মা আবির্ভূত হয়েছেন। ভারতে পবিত্র সাধুদের এটিই ঐতিহ্য। শত শত বছরের দাসত্বের পর দেশের মানুষের মধ্যে যখন আত্মবিশ্বাসের অভাব দেখা দিয়েছিল, সেই কঠিন সময়ে প্রভু স্বামীনারায়ণ আবির্ভূত হন। তখন প্রভু স্বামীনারায়ণ সহ অন্যান্য সাধুরা দেশবাসীর মধ্যে শুধু অধ্যাত্ম চেতনাকেই জাগ্রত করেননি, তাঁরা আমাদের আত্মসম্মানকে পুনরুজ্জীবিত করেছেন, আমাদের পরিচিতি সম্পর্কে গর্ববোধ করতে শিখিয়েছেন। এই লক্ষ্যে শিক্ষাপত্রী এবং বচনামৃতের ভূমিকার কথা তিনি উল্লেখ করেন। তাঁদের সেই শিক্ষাকে আত্মস্থ করে আমাদের এগিয়ে যেতে হবে। মানবজাতির সেবায় বড়তাল ধাম যেভাবে নিয়োজিত রয়েছে তা অনুপ্রেরণার উৎস। এর মাধ্যমে নতুন যুগের সূচনা হবে। এই বড়তাল ধাম বঞ্চিত, শোষিত সমাজের সাগারামজির মতো শিষ্য পেয়েছে। আজ বড়তালধাম বহু শিশুর জন্য খাদ্য, বাসস্থান এবং শিক্ষার সংস্থান করেছে। এছাড়াও প্রত্যন্ত অঞ্চলে আদিবাসী জনজাতির জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। সংশ্লিষ্ট অঞ্চলে মহিলাদের শিক্ষার প্রসার ঘটাতে এই মন্দিরের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। দরিদ্রদের সেবা করা ছাড়াও সময়োপযোগী বিভিন্ন উদ্যোগের মাধ্যমে আধ্যত্মিকতার মিশ্রণ ঘটিয়ে ভারতীয় সংস্কৃতিকে রক্ষা করা হচ্ছে।এই মন্দিরের ভক্ত এবং সাধু-সন্ন্যাসীরা পরিচ্ছন্নতা অভিযানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করায় তিনি সন্তোষ প্রকাশ করেন। তাঁরা অত্যন্ত আগ্রহের সঙ্গে তাঁদের কর্তব্য পালন করেন। এক পেড় মা কে নাম কর্মসূচির আওতায় স্বামীনারাণের ভক্তরা ১ লক্ষের বেশি গাছ লাগিয়েছেন বলে প্রধানমন্ত্রী তাঁর ভাষণে উল্লেখ করেন। তাঁর জীবনের লক্ষ্য কী হওয়া উচিত প্রত্যেক মানুষ সেটি নিজে নিজেই নির্ধারণ করে থাকেন। এক্ষেত্রে আমাদের ভাবনা এবং জীবনের উদ্দেশ্যকে যথাযথভাবে প্রভাবিত করতে পারলে জীবনযাত্রায় পরিবর্তন আসে। শ্রী মোদী বলেন, সাধু-সন্ন্যাসীরা যুগে যুগে এই কাজটিই করে আসছেন। যখন সমাজ এবং দেশ কোনো উদ্দেশ্য সাধনে একত্রিত হয় তখন সাফল্য অবশ্যম্ভাবী। এর বহু উদাহরণ রয়েছে। আজ ধর্মীয় প্রতিষ্ঠানগুলি দেশের যুব সমাজকে যথাযথভাবে পথ দেখাতে পারে কারণ, সমগ্র দেশ এক নির্দিষ্ট লক্ষ্যে দিকে এগিয়ে চলেছে, তা হল উন্নত ভারত গড়ে তোলা। তিনি বড়তাল সহ স্বামীনারায়ণ পরিবারের সাধু-সন্তদের উন্নত ভারত গড়ার পবিত্র কর্তব্যে সামিল হতে অনুরোধ জানান। স্বাধীনতা আন্দোলনের প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতা লাভের আকাঙ্খা একদিনে মানুষের মধ্যে জাগ্রত হয়নি। দেশের বিভিন্ন প্রান্তে বিভিন্ন আন্দোলনের মধ্যে দিয়ে তা মানুষের মধ্যে সঞ্চারিত হয়েছিল, ফলস্বরূপ মানুষ স্বাধীনতা লাভের স্বপ্ন দেখে এবং স্বাধীনতা অর্জনের সংকল্প নেয়। স্বাধীনতা আন্দোলনের সময় যে সচেতনতা এবং আকাঙ্খা প্রতি মুহুর্তে অনুভূত হত, আজ ১৪০ কোটি দেশবাসীর মধ্যে উন্নত ভারত গড়ে তোলার সেই মনোভাবই প্রতিফলিত হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ভক্তবৃন্দের প্রতি তাঁর আহ্বান, তাঁরা যেন ভোকাল ফর লোকালের ভাবনাকে বাস্তবায়নে সহায়তা করে। উন্নত ভারত গড়ে তুলতে হলে ঐক্য ও সংহতির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, অথচ সমাজের স্বার্থান্বেষী মহল এই ঐক্যের ভাবনাকে ধ্বংস করতে উদ্যোগী হয়েছে। এই অপচেষ্টাকে প্রতিহত করতে হবে। শ্রী মোদী বলেন, কঠোর পরিশ্রমের মধ্য দিয়ে কীভাবে বৃহৎ লক্ষ্য অর্জন করতে হয়, তা প্রভূ শ্রী স্বামীনারায়ণ শিক্ষার মাধ্যমে আমরা জানতে পারি। তরুণ মন দেশ গঠনের কাজে কীভাবে নির্ণায়ক শক্তি হতে পারে, প্রভু শ্রী স্বামীনারায়ণ সে বিষয়ে স্পষ্ট ধারণা দিয়েছেন। আর তাই শিক্ষিত এক যুব সমাজ গড়ে তোলা অত্যন্ত প্রয়োজন, যাঁরা যেকোন পরিস্থিতির মোকাবিলা করতে পারবেন। সমগ্র বিশ্ব ভারতের যুব সম্প্রদায়ের সম্ভাবনার প্রতি আকর্ষণ অনুভব করে, এই দক্ষ যুব সমাজ শুধুমাত্র দেশেরই নয়, সমগ্র বিশ্বের চাহিদা পূরণ করতে প্রস্তুত। বিশ্বে ভারতের দক্ষ মানব সম্পদের যথেষ্ঠ চাহিদা রয়েছে। স্বামীনারায়ণের অনুগামীরা নেশামুক্ত সমাজ গড়ার লক্ষ্যে যে উদ্যোগ গ্রহণ করেছেন, সেই প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী তাঁদের যুব সম্প্রদায়কে মাদকের নেশা থেকে মুক্ত করার জন্য সব ধরণের প্রচেষ্টায় সামিল হওয়ার আহ্বান জানান। তাঁদের এই উদ্যোগ শুধুমাত্র ভারতে নয় সারা বিশ্বে ছড়িয়ে দিতে হবে। প্রধানমন্ত্রী বলেছেন, ঐতিহ্যের প্রতি গর্ববোধ এবং তাকে সংরক্ষণের মধ্য দিয়েই যে কোন দেশ এগিয়ে যেতে পারে, "ভারতের মন্ত্র হল উন্নয়নের পাশাপাশি ঐতিহ্যকে রক্ষা করা"। দেশের হাজার হাজার বছরের ঐতিহ্যকে আবারও পুনরুদ্ধার করা হচ্ছে। অতীতে ভাবা হত এগুলি ধ্বংস হয়ে গেছে। এক্ষেত্রে তিনি অযোধ্যার প্রসঙ্গটি উল্লেখ করেন। পাশাপাশি কাশী, কেদারনাথ, পাওগড়, মোধেরার সূর্যমন্দির এবং সোমনাথের পুনর্নির্মাণের উদাহরণও তিনি তাঁর ভাষণে তুলে ধরেন। আজ দেশ জুড়ে নতুন এক চেতনা জাগ্রত হচ্ছে। এদেশের শতাব্দী প্রাচীন দেবদেবীর বহু মূর্তি অতীতে লুঠ হয়েছে। আজ সেগুলি ফিরিয়ে আনা হচ্ছে। লোথালের পুনরুন্নয়ন প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, সাংস্কৃতিক সচেতনতা গড়ে তোলার দায়িত্ব একা সরকারের নয়, যাঁরা এই দেশ, সংস্কৃতি এবং ঐতিহ্যকে ভালোবাসেন তাঁদের সকলের। বড়তাল ধামে প্রভু স্বামী নারাণের স্মৃতি বিজড়িত সংগ্রহশালা অক্ষর ভুবন গড়ে তোলার উদ্যোগের প্রশংসা করেন তিনি। এই সুবৃহৎ মন্দির ভারতের শাশ্বত আধ্যাত্মিক ঐতিহ্যকে রক্ষা করবে। শ্রী মোদী বলেন, ১৪০ কোটি ভারতবাসী যখন অভিন্ন এক লক্ষ্যপূরণে ব্রতী হয়েছেন, তখন সেই লক্ষ্য সহজেই অর্জিত হবে। উন্নত ভারত গড়ার এই গুরুত্বপূর্ণ উদ্যোগে আমাদের সাধু-সন্ন্যাসীদের পরামর্শেরও প্রয়োজন। আজকের অনুষ্ঠানে উপস্থিত সাধু-সন্ন্যাসীদের তিনি বিশ্বজুড়ে পূর্ণ কুম্ভের প্রচারাভিযানে সামিল হওয়ার অনুরোধ জানান। প্রতি ১২ বছর অন্তর ভারতের এই ঐতিহ্য পালিত হয়। প্রয়াগরাজে পূর্ণ কুম্ভ সম্পর্কে বিদেশীদের জানানোর জন্য সন্ন্যাসীদের প্রতি তিনি আহ্বান জানান। বিদেশের বিভিন্ন শাখায় যেসব সন্ন্যাসীরা রয়েছেন তাঁরা প্রত্যেকে যদি ন্যূনতম ১০০ জন বিদেশীকে কুম্ভ মেলার মাহাত্ম্য সম্পর্কে তথ্য সরবরাহ করেন তাহলে সারা বিশ্বে পূর্ণ কুম্ভ সম্পর্কে একটি ধারণা তৈরি হবে। তাঁর ভাষণের শেষে প্রধানমন্ত্রী আবারও এই অনুষ্ঠানে সশরীরে উপস্থিত না হওয়ায় ক্ষমা প্রার্থনা করেন এবং স্বামীনারায়ণ মন্দিরের দ্বি-শতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের জন্য সাধু-সন্ন্যাসী এবং ভক্তদের শুভেচ্ছা জানান।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এরপর কলাপাতায় টাকা, স্বর্ণ মুদ্রা, ধান, পান, কড়ি, হলুদ ও হরিতকি দিয়ে সাজানো হয় পূজার স্থানটিকে।এদিকে ভাগ্যদেবী লক্ষ্মী কিভাবে বিষ্ণু-পত্নী হলেন? স্কন্দ পুরাণে এ প্রশ্নের উত্তর মেলে। সেখানে উল্লেখ আছে খ্যাতির গর্ভে জাতা লক্ষ্মী দেবী নারায়ণ বা বিষ্ণুকে পতি রূপে পাওয়ার জন্য সমুদ্রের মধ্যে প্রবেশ করে বহুকাল কঠোর তপস্যায় নিমগ্ন হলেন। তখন ইন্দ্রাদি দেবগণ বিষ্ণুর ছদ্মবেশে লক্ষ্মীর নিকট উপস্থিত হলে লক্ষ্মী দেবী তাঁদেরকে বিশ্বরূপ দেখাতে বলেন।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## দেবী মহিষাসুরমর্দ্দিনী



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

নৈঃ সেবিতাং ভবসুন্দরীম্।" দুর্গার সঙ্গে সংযোগটি তাহলে কোথায়? এ তো যেমনটি মূর্তিতে দেখে থাকি, প্রায় তেমন রূপবর্ণনাই! দুর্গার সঙ্গে জগদ্ধাত্রীর সংযোগ তাই যদি মন্ত্রের সূত্র ধরে খুঁজতে হয়, তবে তাকাতে হবে জগদ্ধাত্রীস্তোত্রের দিকে। তার তিন নম্বর শ্লোকে বলা হয়েছে- "জয়দে জগদানন্দে জগদেক প্রপূজিতে/জয় সর্ব্বগতে দুর্গে জগদ্ধাত্রি নমোস্তু তে।" আবার কিছু কিছু পুরাণ বলছে, মহিষাসুর বধের পর দেবতাদের উল্লাসের কথা। তাঁরা ভেবেছিলেন, দুর্গা যেহেতু তাঁদেরই সম্মিলিত শক্তির প্রকাশ, তাই অসুর বধ হয়েছে তাঁদেরই যুগ্ম শক্তিতে। ব্রহ্মার বরের সম্মানরক্ষা করতে কেবল ওই নারীদেহটির আবশ্যিকতা। তাঁদের ওই গর্ব দেখে পরমেশ্বরী দেবী একটি



তৃণখণ্ড অলক্ষ থেকে নিক্ষেপ করলেন দেবতাদের দিকে। পরীক্ষা করতে চাইলেন তাঁদের শক্তি। ইন্দ্র বজ্রদ্বারা সেই তৃণটি ধ্বংস করতে ব্যর্থ হলেন। অগ্নি সেই তৃণ দহন করতে পারলেন না, বায়ু অসমর্থ হলেন তা উড়িয়ে নিয়ে যেতে। বরুণের শক্তি সেই তৃণটুকুর একটি অংশও জলস্রোতে প্লাবিত করতে পারল না। দেবতাদের এই দুরবস্থা দেখে তাঁদের সামনে আবির্ভূতা হল এক পরমাসুন্দরী সালঙ্কারা চতুর্ভুজা মূর্তি। তিনিই জগদ্ধাত্রী। জগদ্ধাত্রী এভাবে আবির্ভূতা হয়ে দেবতাদের জ্ঞানচক্ষু টি উন্মীলিত করলেন। বুঝিয়ে দিলেন, তিনিই এই জগতের ধারিণী শক্তি।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## ভারতের ৫০তম প্রধান বিচারপতির অবসরের অধ্যায়,সাফল্য নাকি হতাশার!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের ৫০তম প্রধান বিচারপতি ধনঞ্জয় যশওয়ান্ত চন্দ্রচূড় রবিবার তার অবসর গ্রহণ করেছেন।তাঁর শেষ সময়ে তিনি ইতিহাসের চোখে কতটুকু মূল্যায়ান পাবেন তা নিয়ে প্রশ্ন উঠেছে।তিনি নিজে বলেছিলেন যে,তার মন খুবই উদ্বিগ্ন এবং তিনি ভাবছেন, "আমি কি যা লক্ষ্য করেছিলাম,তা অর্জন করতে পেরেছি?আমি যদি কিছু ভিন্নভাবে করতাম,তবে ইতিহাস আমাকে কীভাবে বিচার করবে?" এই প্রশ্নগুলো তিনি তার শেষ সময়ে আত্মবিশ্লেষণে করেছিলেন।

যশওয়ান্ত চন্দ্রচূড় প্রধান বিচারপতি হিসেবে মোট আট বছরেরও বেশি সময় দায়ীত্ব পালন করেছেন এবং গত দুই বছর তিনি ভারতের শীর্ষ আদালতের প্রধান বিচারপতি ছিলেন।তার নেতৃত্বে,ভারতের সুপ্রিম কোর্ট বিশ্বে অন্যতম শক্তিশালী আদালত হিসেবে বিবেচিত হয।প্রায় ১.৪ বিলিয়ন ভারতীয় নাগরিকদের জন্য চূড়ান্ত বিচার প্রদান করা।তিনি ৯৩টি গুরুত্বপূর্ণ রায় দিয়েছেন,যা তার পূর্বসূরি চারজন বিচারপতির তুলনায় অনেক বেশি।

এই রায়গুলোর মধ্যে সাংবিধানিক ও সামাজিক গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত ছিল।এছাড়া,আদালতের শুনানির ডিজিটাইজেশন এবং লাইভস্ট্রিমিং চালু করেও তিনি জনগণের কাছে সুপ্রিম কোর্টের কাজকে আরও সহজে পৌঁছে দিয়েছিলেন।

তবে, চন্দ্রচূড়ের বিচারকাল নিয়ে বেশ কিছু সমালোচনাও রয়েছে। সমালোচকরা বলেন যে,তিনি সরকারের বিরুদ্ধে তেমন দৃঢ় ছিলেন না এবং তার বেশ কিছু রায় ছিল যা সরকারের পক্ষে।

বিশেষত,তিনি রাজনৈতিক সংকট বা সরকারের হাতে থাকা ক্ষমতার ক্ষেত্রে, অনেক সময় সরকারের পক্ষেই রায় দিয়েছেন।কিছু মন্তব্যও বিতর্কিত হয়েছে।সম্প্রতি, একটি ভিডিও ভাইরাল হয়েছিল যেখানে তিনি প্রধানমন্ত্রী মোদির সঙ্গে একটি হিন্দু ধর্মীয় অনুষ্ঠানে প্রার্থনা করছেন,যা অনেকেই বিচার বিভাগের নিরপেক্ষতার প্রশ্ন তুলে।

চন্দ্রচূড় যখন বলেছেন, "আমি ঈশ্বরের কাছে সমাধান চেয়েছিলাম," তা নিয়ে ব্যাপক সমালোচনা হয়েছে,কারণ এটি একটি ধর্মীয় মন্তব্য হিসেবে দেখা হয়েছে।এর আগে, তিনি সুপ্রিম কোর্টের অংশ হিসেবে বাবরি মসজিদ-রাম মন্দির বিতর্কের রায় দিয়েছিলেন,যেখানে মুসলিমদের জন্য আলাদা স্থান বরাদ্দ করা হয়েছিল, কিন্তু বিতর্কটি এখনও চলমান।

যশওয়ান্ত চন্দ্রচূড় তার অবসরের আগের কিছু মন্তব্যে এসব সমালোচনার জবাব দিয়েছেন।তিনি বলেছেন, "প্রশাসন এবং বিচার বিভাগ একে অপরের সঙ্গে সম্পর্ক রাখতে পারে, তবে এর মানে এই নয় যে তারা কোন 'ডিল' করবে।

বিচারকের কাজ হল সংবিধান অনুযায়ী রায় দেওয়া, আর সেটি বিচারাধীন কোনও পক্ষের প্রতি পক্ষপাতিত্ব বা বিরোধিতা নয়।" অবশেষে, তিনি বলেছেন, "আমি আমার কাজ শেষ করার পর সন্তুষ্টি নিয়ে অবসর নিচ্ছি এবং বিশ্বাস করি যে, আমি বিচারব্যবস্থাকে আগের চেয়ে ভালো অবস্থায় রেখে যাচ্ছি।"

চন্দ্রচূড়ের অবসর গ্রহণের পর তার কর্মজীবন নিয়ে নানা মতামত শোনা যাচ্ছে।তবে, তাঁর অবদান ও সমালোচনার মিশ্রণই তাকে ভারতের বিচারব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ বিচারপতি হিসেবে চিহ্নিত করেছে।

৩ পাতার পর

## কর্মসংস্থানের জন্য নয়া ঘোষণা মুখ্যমন্ত্রীর

জেলাশাসকদের। মমতা বলেন, "ডেভেলপমেন্ট বোর্ডের পুনর্নির্মাণ করা হবে। এর জন্য জিটিএ চেয়ারম্যান-সহ চিফ এগ্জিকিউটিভ-সহ বিভিন্ন ডেভেলপমেন্ট বোর্ডের সদস্যদের কাছে পরামর্শ চাওয়া হয়েছে। আগামী দেড় মাসের মধ্যেই সেই কাজ সম্পূর্ণ হবে। তত দিন পর্যন্ত যে ভাবে কাজ চলছিল, সে ভাবেই চলবে।" তিনি আরও বলেন, "কাজের সুবিধার জন্য একটি মনিটরিং সেল করা হবে। অনিত (থাপা) যে হেতু জিটিএ-র নির্বাচিত প্রতিনিধি, তাঁকেই ওই সেলের চেয়ারম্যান করা হবে। আর এলবি রাই হবেন ভাইস চেয়ারম্যান।''পাহাড়ের উন্নয়নে একাধিক উদ্যোগের কথাও ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। ট্র্যাফিকের সমস্যা সমাধানে অত্যাধুনিক পার্কিংয়ের ব্যবস্থার পাশাপাশি একটি মার্কেট কমপ্লেক্স নির্মাণের ছাড়পত্র দিয়েছেন তিনি। ওই কমপ্লেক্সের দুটো তলা স্বনির্ভর গোষ্ঠীর জন্য বরাদ্দ করা হবে। কারিগরি দক্ষতা বৃদ্ধিতে পাহাড়ে চারটি প্রতিষ্ঠান খোলার কথাও ঘোষণা করেছেন মমতা। ওই সব প্রতিষ্ঠানে পাহাড়ের যুবক-যুবতীরা তিন মাসের কারিগরি শিক্ষা নিয়ে বিভিন্ন জায়গায় চাকরির সুযোগ পাবেন। চা-বাগানের শ্রমিকদের আরও বেশি করে পাট্টা দেওয়ার কথাও বলেছেন। তিনি বলেন, "প্রতিটি জেলার ক্ষেত্রেই এক একরের মতো জমি খুঁজতে বলা হয়েছে। বেশির ভাগ ক্ষেত্রে তা সম্পূর্ণ হয়েছে। সেখানে পিপিই মডেলে বহুতল গড়ে তোলা হবে। বাজার, পার্কিং, সিনেমা হল থাকবে। স্বনির্ভর গোষ্ঠীর জন্য দু'টি ফ্লোর থাকবে। তারা সেখানে নিজেদের তৈরি দ্রব্যের পসরা নিয়ে বসবে।"বৈঠকের পর অনিত বলেন, "দিদি পাহাড়ে এলে কিছু নিতে নয়, দিতেই আসেন। তিনি পাহাড়ের উন্নয়ন চান। সেটা পাহাড়বাসী ধীরে ধীরে বুঝতে পারছেন। আমরা সরকারের সঙ্গে মিলে আগামী দিনে আরও উন্নয়নের কাজ করব। আমরা বরাবর রাজ্য সরকারের সঙ্গে রয়েছি। দিদি পাহাড়কে খুব ভালবাসেন। পাহাড়ে উন্নয়নযজ্ঞ নিয়ে আমরা আশাবাদী।"

# সিনেমার খবর

## শুটিং ফ্লোরে আহত হয়ে হাসপাতালে সুনীল শেট্টি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'হান্টার: টুটেগা নহি তোড়েগা' নামের একটি ওয়েব সিরিজের শুটিং করার সময় শুটিং ফ্লোরে গুরুতর আহত হয়েছেন বলিউড অভিনেতা সুনীল শেট্টি। জানা গেছে, সিরিজে রয়েছে একাধিক অ্যাকশন দৃশ্য। ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়েছে, অ্যাকশন দৃশ্য শুটিং করতে গিয়ে বৃহস্পতিবার বুকের পাঁজরে চোট পেয়েছেন অভিনেতা। এ খবর ছড়িয়ে পড়তেই অনুরাগীদের কপালে চিন্তার ভাঁজ।

অভিনেতার চোটের খবর ছড়িয়ে পড়তেই সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজের শারীরিক পরিস্থিতি জানিয়েছেন সুনীল। ইনস্টাগ্রামের স্টোরিতে অভিনেতা লিখেছেন, 'সামান্য আঘাত, গুরুতর কিছু নয়! আমি খুব ভাল আছি এবং পরবর্তী শুটিংয়ের জন্য তৈরি হচ্ছি। আমার খোঁজ নেওয়ার জন্য আপনাদের প্রত্যেকের কাছে আমি কৃতজ্ঞ।'

শুটিং ইউনিটের পক্ষ থেকে বলা হয়েছে, 'একটি জটিল অ্যাকশন দৃশ্যের শুটিং করছিলেন অভিনেতা। ফ্লোরে যাবতীয় নিরাপত্তার বিষয়ে খেয়াল রাখা হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও অভিনেতার বুকে জোরে ধাক্কা লাগে।'

'ফ্লোরে উপস্থিত টিম তৎক্ষণাৎ তার প্রাথমিক চিকিৎসা করেন। ফ্লোরেই সুনীলের পাঁজরের এক্সরে করা হয়। আপাতত চিকিৎসকেরা অভিনেতাকে কয়েক দিনের জন্য বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন।'

বলিউডে সিনেমা এবং ওয়েব সিরিজে ক্রমশ অ্যাকশন দৃশ্যের চাহিদা বাড়ছে। তাই প্রায়শই অভিনেতারা শুটিং ফ্লোরে চোট পাচ্ছেন। সম্প্রতি, শুটিং ফ্লোরে চোট পান দক্ষিণী অভিনেতা বিজয় দেবেরাকোন্ডা। সুনীলের চোটের পর, শুটিং ফ্লোরে অভিনেতাদের সুরক্ষার বিষয়টি ভাবাচ্ছে ইন্ডাস্ট্রির একাংশকে।

## শাড়িতে যে বিশেষ বার্তা দিলেন ঊষসী





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভাইফোঁটার দিনে এক অনন্য সাজে সেজেছিলেন ওপার বাংলার অভিনেত্রী ঊষসী চক্রবর্তী। এদিন পরনে সাদা শাড়ি ও সাদা ব্লাউজ। উৎসবটির উপলক্ষ্যেই এমন সাজ বেছে নিয়েছিলেন অভিনেত্রী। তবে এই শাড়ির মাধ্যমেই মনে করিয়ে দিলেন, বিচার এখনও শেষ হয়নি!


কিন্তু কিসের বিচার নিয়ে কথা বলতে চাইছেন উষসী? ওপার বাংলায় আরজি কর কাণ্ডের কথা অনেকেরই হয়তো জানা। যা নিয়ে টানা কয়েকমাস পশ্চিমবঙ্গজুড়ে চলেছে প্রতিবাদ, আন্দোলন। এর রেশ না কাটতেই চলে আসল উৎসব! দুর্গাপূজা, এরপর কালিপূজা-দীপাবলিতে মেতে উঠল সবাই। আর এর সঙ্গে ঝাঁঝ কমতে থাকে আরজি কর-কাণ্ডের প্রতিবাদের। এমন সময়ে অভিনেত্রী উষসী মনে করিয়ে দিলেন, বিচারের দাবি এখনও জারি রয়েছে।

সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ কিছু ছবি ভাগ করে নিয়েছেন ঊষসী। সেখানে নজর কেড়েছেন শাড়িতে। এরইমধ্যে ব্লাউজের পিঠ বরাবর লেখা 'বিচার চাই'। শুধু তাই নয়, আরজি কর-কাণ্ডের বিরুদ্ধে আন্দোলনে বার বার উঠে এসেছে শিরদাঁড়ার প্রসঙ্গ। সেই কথাই ফের মনে করিয়ে দিল অভিনেত্রীর পরনে শাড়ির আঁচল। সেখানে লেখা 'শিরদাঁড়া বিক্রি নেই'।

কেন ভাইফোঁটার দিন এই শাড়ি বেছে নিলেন ঊষসী? অভিনেত্রীর কথায়, 'আন্দোলনের সময় এই শাড়িটি উপহার পেয়েছিলাম। সন্দীপা নামে এক আন্দোলনকারী পোশাকশিল্পী আমাদের কয়েকজনকে শাড়িটি বানিয়ে দেন। তিথি মেনে না হলেও, প্রতিবারই ভাইফোঁটা দিই। ভাইফোঁটা পালনের সঙ্গে সঙ্গে বোনের বিচারের দাবিও মনে রাখতে হবে। পূজা বা উৎসব যেমন রয়েছে, বিচারের কথাও ভুলে গেলে তো হবে না।'

নেটিজেনরা ঊষসীর এই ছবি দেখে নানা রকমের প্রতিক্রিয়া দিয়েছেন। অনেকেই এই শাড়ি দেখে মুগ্ধ হয়েছেন। কেউ কেউ আবার খোঁচা দিয়ে প্রশ্ন তুলেছেন, 'প্রচারে থাকার জন্যই এমন পোশাক?' অবশ্য এমন মন্তব্যে পাত্তা দিতে নারাজ অভিনেত্রী।

## এবার শাহরুখ খানকেও হত্যার হুমকি?




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সালমান খানের পর এবার শাহরুখ খান। হত্যার হুমকি পেলেন বলিউডের 'বাদশাহ'। অজ্ঞাত পরিচয় ব্যক্তির কাছ থেকে হুমকি এসেছে বলে জানা গেছে। আজ বৃহস্পতিবার সেই মর্মে অভিযোগ দায়ের হয়েছে মুম্বাইয়ের বান্দ্রা থানায়। এই নিয়ে আরও এক বলিউড তারকা হত্যার হুমকি পেলেন। কে বা কারা এর নেপথ্যে রয়েছে, তা নিয়ে তদন্ত শুরু হয়েছে।

মুম্বাই পুলিশের সূত্রে জানা গিয়েছে, ছত্তীসগঢ় থেকে শাহরুখের উদ্দেশে হুমকি বার্তা এসেছে। মুম্বাই পুলিশের একি দল ইতোমধ্যেই রায়পুর পৌঁছে গিয়েছে। ফয়জন খান নামের এক ব্যক্তির খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। ওই ব্যক্তির নামে নথিভুক্ত ফোন থেকেই হুমকি এসেছে বলে খবর। ওই ফোন নম্বরটি এখনও সক্রিয় রয়েছে এবং তার টাওয়ার লোকেশন ধরেই পুলিশ এগোচ্ছে বলে খবর। শাহরুখকে প্রাণে মেরে ফেলার হুমকি দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। কয়েক কোটি টাকার দাবি মেটালে তবেই নিস্তার পাবেন বলে এসেছে হুমকি। বেশ কিছু দিন ধরে লাগাতার প্রাণনাশের হুমকি পেয়ে চলেছেন সালমান। তাকে হত্যার হুমকি দেওয়ার নেপথ্যে কুখ্যাত গ্যাংস্টার লরেন্স বিষ্ণোই এবং তার গ্যাং বিষ্ণোইর নাম জড়িয়েছে। পাশাপাশি, আরও একাধিক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। কয়েক দশক আগের কৃষ্ণসার হরিণ মামলাকে হাতিয়ার করে সালমানকে হুমকি দিয়ে চলেছে এই গ্যাং। প্রাণে বাঁচতে চাইলে অভিনেতাকে ৫ কোটি টাকা মুক্তিপণ দিতে হবে বলে দাবি জানিয়েছে তারা।



গত কয়েক বছরে বিষ্ণোই গ্যাং বেশ সক্রিয় হয়ে উঠেছে। পঞ্জাবের গায়ক সিধু মুসেওয়ালাকে গুলিতে ঝাঁঝরা করে দেওয়ার পরই খবরের শিরোনামে উঠে আসে তারা। সেই থেকে একাধিক শিল্পী তাদের থেকে হুমকি পেয়েছেন। গত কয়েক বছর ধরে লাগাতার সালমানকে খুনের হুমকি দিয়ে চলেছে তারা। এমনকি সালমানের বাড়ির বাইরে এলোপাথাড়ি গুলিও চালায় তারা। গত ১২ অক্টোবর মহারাষ্ট্রের সাবেক মন্ত্রী বাবা সিদ্দিকিও আততায়ীদের গুলিতে মারা যান। বাবা সিদ্দিকি এবং তার পরিবারের লোকজন সালমানের ঘনিষ্ঠ বলে পরিচিত। বাবা সিদ্দিকি খুন হওয়ার পর, তার দায় স্বীকার করে বিষ্ণোই গ্যাং। সালমান ঘনিষ্ঠ বলেই বাবা সিদ্দিকিকে প্রাণ খোয়াতে হল বলে দাবি করে তারা। শুধু তাই নয়, সালমানের পাশে দাঁড়াবেন যারা, তাদের সকলেরই একই পরিণতি হবে বলে হুমকি দেওয়া হয়। বাবা সিদ্দিকির ছেলে, মহারাষ্ট্রের বিধায়ক জিশান সিদ্দিকিও খুনের হুমকি পেয়েছেন ইতোমধ্যে। এবার শাহরুখ খুনের হুমকি পেলেন। শাহরুখ এবং সালমানের বন্ধুত্ব সর্বজনবিদিত। সেই জন্যই তাকে হুমকি দেওয়া হল কি না, প্রশ্ন উঠছে।

## বলিউডে আসছে নতুন জুটি





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথমবারের মতো জুটি হয়ে পর্দায় আসছেন বলিউডের দুই অভিনয়শিল্পী সারা আলী খান ও সিদ্ধার্থ মালহোত্রা। ইতোমধ্যে বেশ কিছু আলাদা সিনেমায় অভিনয় করে দর্শকের নজর কেড়েছেন তারা। এবার পর্দায় দেখা মিলবে এই জুটির রোমান্স।

সিনেমাটির নাম এখনও ঠিক না হলেও এরই মধ্যে চুক্তিবদ্ধ হয়েছেন সারা-সিদ্ধার্থ। এটি নির্মাণ করবেন 'পঞ্চায়েত' খ্যাত নির্মাতা দীপক মিশ্রা।

ইন্ডিয়া টুডের সূত্র অনুযায়ী, গ্রামীণ পটভূমিকে কেন্দ্র করে নির্মিত হবে সিনেমাটি। সবকিছু ঠিক থাকলে ২০২৫ সালে দৃশ্য ধারণের কাজ শুরু হওয়ার কথা রয়েছে সিনেমাটির।

সারার মুক্তিপ্রাপ্ত সর্বশেষ সিনেমা 'অ্যায় ওয়াতান মেরে ওয়াতান'। গত ২১ মার্চ ওটিটিতে মুক্তি পায় এটি। এ ছাড়াও আরও দুটো সিনেমার কাজ রয়েছে অভিনেত্রীর হাতে। অন্যদিকে, সর্বশেষ 'যোদ্ধা' সিনেমায় দেখা গেছে সিদ্ধার্থকে। গত ১৫ মার্চ মুক্তি পায় সিনেমাটি।

## বিচ্ছেদ গুঞ্জনের মাঝেই নতুন যে সুখবর দিলেন ঐশ্বরিয়া-অভিষেক



**স্টাফরির্পোটার, নিউজসারাদিন :** বলিউড তারকাদের একের পর এক সংসার ভাঙনের গুঞ্জনে হাঁপিয়ে উঠেছে নেটিজেনরা। আজ এর বিচ্ছেদ তো কাল অন্য কারও। সম্পর্ক ভেঙে প্রিয় তারকাদের আলাদা হয়ে ভিন্নপথে হাঁটার প্রবণতা মেনে নিতে পারছেন না অনুরাগীরা। এবার ঐশ্বরিয়া রাই ও অভিষেক বচ্চনের বিচ্ছেদের গুঞ্জনে মন খারাপ তাদের।

অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাই বচ্চনের বিচ্ছেদ গুঞ্জনের নেপথ্য কারণ হিসেবে উঠে এসেছিল শাশুড়ি-ননদের সঙ্গে তিক্ততার খবর। এবার এই ইস্যুকে পেছনে ফেলে এগিয়ে আছে অভিষেকের পরকীয়ার গুঞ্জন।

অভিনেত্রী নিমরত কৌরের সঙ্গে নাম জড়িয়েছে অভিষেকের। ফলে আরও মাথাচাড়া দিয়েছে চর্চা। নতুন খবর হলো, বিচ্ছেদ গুঞ্জনের মাঝেই বড়পর্দায় জুটি বাঁধতে যাচ্ছেন ঐশ্বরিয়া-অভিষেক। ভারতীয় সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য।

বলিউড সূত্র বলছে, নতুন এক হিন্দি ছবির পরিকল্পনা করছেন মণি রত্নম। এ ছবির জন্য তার প্রিয়গুরু জুটিকে ফের একফ্রেমে আনবেন মণি। শোনা গেছে, এরইমধ্যে ঐশ্বরিয়া ও অভিষেকের সঙ্গে কথা সেরে ফেলেছেন। তারা নাকি দুজনেই রাজি।

'গুরু' ও 'রাবণ' ছবির পর এটাই হবে মণি রত্নমের সঙ্গে ঐশ্বররিয়া ও অভিষেক জুটির তৃতীয় ছবি। তবে এই ছবি নিয়ে এখনই মুখ খুলতে নারাজ মণি, ঐশ্বরিয়া ও অভিষেক।

প্রসঙ্গত, ২০০৭ সালে বচ্চন পরিবারের বউ হন ঐশ্বরিয়া। প্রথম দিন থেকেই স্বামী অভিষেকের পদবি জুড়েছেন নিজের নামের সঙ্গে। হয়েছেন ঐশ্বরিয়া রাই বচ্চন। দেড় দশক কেটে গেছে তাদের দাম্পত্যের।

## ইন্টারের মাঠে
# হারলো আর্সেনাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুরো ম্যাচে একের পর এক আক্রমণ করেও ফিনিশিংয়ের অভাবে ইন্টার মিলানের বিপক্ষে হার নিয়েই মাঠ ছাড়তে হলো আর্সেনালকে। ৬ নভেম্বর ঘরের মাঠ সান সিরোয় চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচটিতে মিলানের হয়ে জয়ী গোলটি করেন হাকান কালহানোগলু। পেনাল্টি থেকে গোলটি করেন তিনি।

ম্যাচ শুরুর ৯০ সেকেন্ডের মাথায় এগিয়ে যাওয়ার সুবর্ণ সুযোগ পেয়ে যায় ইন্টার। তবে ভাগ্য সহায় হয়নি, বাধা হয়ে দাঁড়ায় ক্রসবার। এরপর কালহানোগলুর দূর থেকে নেওয়া শট পোস্ট ঘেঁষে বেরিয়ে যায়।

এরপরই ধীরে ধীরে গুছিয়ে উঠে টানা আক্রমণ শুরু করে আর্সেনাল। তবে একের পর এক আক্রমণ করেও গোল নামক সোনার হরিণের দেখা মেলেনি। বিপরীতে বিরতির আগেই গোল আদায় করে নেয় ইন্টার।

আর্সেনালের বক্সে তাদের মিডফিল্ডার মিকেল মেরিনোর হাতে বল লাগলে পেনাল্টি পায় ইন্টার। সফল স্পট কিকে দলকে এগিয়ে নেন তুর্কি মিডফিল্ডার কালহানোগলু। এবারের চ্যাম্পিয়ন্স লিগে আর্সেনালের জালে এটাই প্রথম গোল।

দ্বিতীয়ার্ধেও আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে সফরকারীরা। তবে তাতে কোনো লাভ হয়নি। গোল পাওয়ার পর নিজেদের রক্ষণে জমাট বেঁধে দাঁড়িয়ে যায় ইন্টার। সেটা আর ভেদ করতে পারেননি আর্সেনালের আক্রমণভাগ। ফলে হার নিয়েই মঠ ছাড়তে হয়।

চ্যাম্পিয়ন্স লিগে ইন্টার শুরু করে ড্রয়ের মধ্য দিয়ে। তবে পরের তিন ম্যাচেই জিতল ইতালিয়ান ক্লাবটি। চার রাউন্ড শেষে ১০ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে উঠেছে দলটি। ৭ পয়েন্ট নিয়ে ১২ নম্বরে নেমে গেছে আর্সেনাল।

# অস্ট্রেলিয়ায় ভারতের 'ভরাডুবি' দেখছেন পন্টিং!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ক্রিকেটের বাইশ গজে কঠিন সময় পার করছে ভারত। নিজেদের ইতিহাসে প্রথমবার ঘরের মাঠে তিন ম্যাচের টেস্ট সিরিজে হোয়াইটওয়াশ হয়েছে কোহলিরা। নিউজিল্যান্ডের বিপক্ষে সেই সিরিজের পর বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল খেলা নিয়েও রোহিত শর্মার দল অনিশ্চয়তায় পড়েছে। এরপর আরও বড় চ্যালেঞ্জের মুখে ভারত। অস্ট্রেলিয়ার মাটিতে তারা পাঁচ টেস্টের সিরিজ খেলবে চলতি মাসে। আসন্ন সিরিজেও রোহিত-কোহলিদের ভরাডুবি হবে বলে মনে করেন সাবেক অজি অধিনায়ক রিকি পন্টিং।

কেন ভারত বর্ডার-গাভাস্কার ট্রফিতে বড় ব্যবধানে হারবে সেই কারণও ব্যাখ্যা দিয়েছেন এই অজি কিংবদন্তি। আর সেটি হচ্ছে ভারতের স্কোয়াডে মোহাম্মদ শামির অনুপস্থিতি। গোড়ালির চোট কাটিয়ে পুরোদমে অনুশীলনে ফিরলেও তাকে পুরো ফিট মনে করছে না বিসিসিআই। সে কারণেই তাকে অস্ট্রেলিয়া সফরে রাখা হয়নি। আর সেখানেই ভারতের দুর্বলতা দেখছেন পন্টিং।

অস্ট্রেলিয়ার বিপক্ষে খেলতে যাওয়ার আগে রোহিত শর্মাদের আত্মবিশ্বাসে ধাক্কা লেগেছে কিউইদের কাছে ধবলধোলাই হওয়ায়। ভারত যে ধরনের ক্রিকেট খেলছে, তা দেখে পন্টিং বলেন, 'পাঁচ টেস্টের মধ্যে ভারত একটা জিততেই পারে। তবে আমার মনে হয়, অস্ট্রেলিয়া এখন অনেকটাই দল গুছিয়ে নিয়েছে। বেড়েছে অভিজ্ঞতাও। তাই ঘরের মাঠে ওদের হারানো কঠিন হবে। মনে হয় অস্ট্রেলিয়া ৩-১ ব্যবধানে জিতবে।'

ভারতীয় ব্যাটারদের নিয়ে আশাবাদী অস্ট্রেলিয়ার বিশ্বকাপজয়ী এই অধিনায়ক চিন্তিত বোলিং নিয়ে৩শামি না থাকায় ভারতের বোলিং আক্রমণে একটা বড় ফাঁক তৈরি হয়েছে। আগস্ট থেকে শামি ফিরবে কি ফিরবে না তা নিয়ে জল্পনা চলছে। আমার মনে হয় টেস্টে ২০ উইকেট নেওয়াটা ভারতের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হবে। তবে এখানে ব্যাটিং ভাল করবে ভারত। ওদের ওপরের দিকের ব্যাটাররা যথেষ্ট পারদর্শী। কিন্তু সমস্যা হবে বোলিংয়ে।'

২২ নভেম্বর থেকে পার্থে শুরু হবে বর্ডার-গাভাস্কার ট্রফির প্রথম টেস্ট। এরপর ৬-১০ ডিসেম্বর অ্যাডিলেড ওভাল, ১৪-১৮ ডিসেম্বর ব্রিসবেনের দ্য গাব্বায়, ২৬-৩০ ডিসেম্বর মেলবোর্নে বক্সিং ডে টেস্ট এবং ৩-৭ জানুয়ারি সিডনি ক্রিকেট গ্রাউন্ডে ভারত-অস্ট্রেলিয়ার শেষ টেস্ট অনুষ্ঠিত হবে।

# ফিলিস্তিনের পাশে পিএসজি সমর্থকরা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত বছরের ৭ অক্টোবর থেকে ফিলিস্তিনের গাজা উপত্যকায় নির্বিচারে আগ্রাসন চালাচ্ছে ইসরায়েল। সেখানে ইহুদিবাদী সেনাদের বর্বর হামলায় রিপোর্ট লেখা পর্যন্ত ৪৩ হাজার হাজার ৪৬৯ ফিলিস্তিনি প্রাণ হারিয়েছেন। নিহতের অধিকাংশই নারী ও শিশু। এছাড়া আহত হয়েছেন আরও এক লাখ দুই হাজর ৫৬১ জন।

ফিলিস্তিনে ইসরায়েলি এই বর্বরতার প্রতিবাদ ফুটবল মাঠে এ পর্যন্ত বহুবারই জানিয়েছেন সমর্থকরা। এবার ফরাসি ক্লাব পিএসজির সমর্থকরাও এতে শামিল হলেন। তারা চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে ফিলিস্তিনের সমর্থনে বিশাল টিফো নিয়ে হাজির হয়েছেন গ্যালারিতে।

বুধবার রাতে আতলেতিকো মাদ্রিদের মুখোমুখি হয়েছিল পিএসজি। সে ম্যাচে সমর্থকরা বিশাল ব্যানার নিয়ে এসে ফিলিস্তিনকে সমর্থন দিয়েছেন।

পিএসজি সমর্থক গোষ্ঠী ওতেয়ি কপ এই টিফো প্রদর্শন করে গ্যালারিতে। সেখানে বড় করে লেখা ছিল 'ফ্রি প্যালেস্টাইন'।

তবে ইসরায়েল সমর্থক ফরাসি সরকার বিষয়টি ভালো চোখে নেয়নি। স্বরাষ্ট্রমন্ত্রী বুহনো হোতাইয়ু রীতিমতো পিএসজিকে নিষিদ্ধ করার হুমকিও দিয়ে বসেছেন।

এই ম্যাচের পর স্থানীয় এক রেডিওর মুখোমুখি হয়েছিলেন তিনি। সে প্রশ্নের জবাবে তিনি বিষয়টাকে উড়িয়ে দেননি একেবারেই।

তিনি জানান, শিগগিরই কারণ দর্শানোর নোটিস দেওয়া হবে। হোতাইয়ু বলেন, "আমি কোনও কিছু উড়িয়ে দিচ্ছি না। পিএসজির কাছে আমি এর ব্যাখ্যা জানতে চাইব।"

## আইসিসি র‍্যাঙ্কিং:
## অবাক করেছেন কোহলি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্যাট হাতে ধারাবাহিক ব্যর্থতার ছাপ পড়েছে বিরাট কোহলির র‍্যাঙ্কিংয়ে। আইসিসি টেস্ট ব্যাটসম্যানদের তালিকায় এখন প্রথম ২০ জনের মধ্যেও নেই তার নাম। প্রায় ১০ বছর পর এমন অভিজ্ঞতা হয়েছে ভারতীয় ব্যাটিং গ্রেটের।

পুরুষ ক্রিকেটারদের র‍্যাঙ্কিংয়ের সাপ্তাহিক হালনাগাদ বুধবার (০৬ নভেম্বর) প্রকাশ করে আইসিসি। যেখানে টেস্ট ব্যাটসম্যানদের মধ্যে ৮ ধাপ পিছিয়ে গেছেন কোহলি। তার অবস্থান এখন ২২ নম্বরে, রেটিং পয়েন্ট ৬৫৫।

নিউজিল্যান্ডের বিপক্ষে গত সপ্তাহে খেলা মুম্বাই টেস্টে একবারও দুই অঙ্ক স্পর্শ করতে পারেননি কোহলি। দুই ইনিংস তার রান যথাক্রমে ৪ ও ১। শুধু এই ম্যাচেই নয়, টেস্টে গত ১০ ইনিংসে কেবল একবার পঞ্চাশ ছুঁতে পেরেছেন তিনি। যার ফলে র‍্যাঙ্কিংয়ে ধারাবাহিকভাবে নিচে নেমে গেছেন তারকা এই ব্যাটসম্যান। ২০১৪ সালের ডিসেম্বরের পর এবারই প্রথম টেস্ট ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে সেরা ২০ জনে নেই কোহলির নাম।

মুম্বাই টেস্টে ব্যাট হাতে আলো ছড়িয়ে ব্যাটসম্যানদের তালিকায় সেরা দশে ফিরেছেন ভারতের কিপার-ব্যাটসম্যান রিশাভ পান্ত ও নিউজিল্যান্ড অলরাউন্ডার ড্যারিল মিচেল। ৫ ধাপ এগিয়ে ৭৫০ রেটিং পয়েন্ট নিয়ে ষষ্ঠ স্থানে আছেন পান্ত। এরপরেই অবস্থান ৮ ধাপ এগোনো মিচেলের (৭৪৩)।

কিউইদের বিপক্ষে ২৫ রানে হেরে যাওয়া মুম্বাই টেস্টে দুই ইনিংসেই ফিফটি করেন পান্ত। প্রথম ইনিংসে ৬০ রান করা বাঁহাতি ব্যাটসম্যান দ্বিতীয় ইনিংসে রান তাড়ায় দলকে জয়ের স্বপ্নও দেখান। কিন্তু বিতর্কিত এক সিদ্ধান্তে আউট হয়ে ফেরেন ৬৪ রান করে।

কিউইদের জয়ে বড় অবদান রাখেন মিচেল। প্রথম ইনিংসে ৮২ রান করেন তিনি। দ্বিতীয়ভাগে তার ব্যাট থেকে আসে ২১ রান। গত সেপ্টেম্বরে টেস্ট ব্যাটসম্যানদের মধ্যে তৃতীয় ছিলেন মিচেল।

ভারত সফরে সিরিজ সেরার পুরস্কার জেতা উইল ইয়াংয়ের উন্নতি ২৯ ধাপ, আছেন ৪৪তম স্থানে। মুম্বাই টেস্টে দুই ইনিংসে ৭১ ও ৫২ রান করেন কিউই টপ অর্ডার ব্যাটসম্যান। তিন ধাপ এগিয়ে ৪২ নম্বরে গ্লেন ফিলিপিস।

বাংলাদেশ ও দক্ষিণ আফ্রিকার চট্টগ্রাম টেস্টের পারফরম্যান্সও বিবেচনায় এসেছে র‍্যাঙ্কিংয়ের হালনাগাদে। ওই ম্যাচে একই ইনিংসে তিন প্রোটিয়া ব্যাটসম্যান পেয়েছেন টেস্ট ক্যারিয়ারের প্রথম সেঞ্চুরির স্বাদ; টেস্টের ইতিহাসে এমনটা দেখা গেছে দ্বিতীয়বার। সেঞ্চুরি করা টোনি ডি জোর্জি (৩২ ধাপ এগিয়ে ৩৮তম), ট্রিস্টান স্টাবস (২৭ ধাপ এগিয়ে ৭১তম) ও ভিয়ান মুল্ডারের (১৯ ধাপ এগিয়ে ৭৫তম) র‍্যাঙ্কিংয়ে উন্নতি হয়েছে। ইনিংস ও ২৭৩ রানে হেরে যাওয়া ম্যাচে বাংলাদেশের কোনো ব্যাটসম্যানের উন্নতি হয়নি। টেস্ট ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে এখন বাংলাদেশের সেরা অবস্থান মুশফিকুর রহিমের, ৩১তম।

ব্যাটসম্যানদের তালিকায় আগের মতো প্রথম দুই স্থানে ইংল্যান্ডের জো রুট ও নিউজিল্যান্ডের কেন উইলিয়ামসন। ভারতের ইয়াশাসভি জয়সওয়াল (চারে) এক ধাপ নিচে নেমে যাওয়ায় এখন তিনে ইংল্যান্ডের হ্যারি ব্রুক। পাঁচে যথারীতি অস্ট্রেলিয়ার স্টিভেন স্মিথ।

টেস্ট বোলারদের র‍্যাঙ্কিংয়ে প্রথম তিন স্থানে আগের মতোই আছেন দক্ষিণ আফ্রিকার কাগিসো রাবাদা, অস্ট্রেলিয়ার জশ হেইজেলউড ও ভারতের জাসপ্রিত বুমরাহ। রাভিচান্দ্রান অশ্বিন (পাঁচে) এক ধাপ নিচে নেমে যাওয়ায় এখন চারে অস্ট্রেলিয়ার প্যাট কামিন্স।

দল হারলেও মুম্বাইয়ে দুই ইনিংসেই পাঁচটি করে উইকেট নেওয়া রবিন্দ্রা জাদেজার উন্নতি দুই ধাপ। ষষ্ঠ স্থানে আছেন তিনি। আর ১১ উইকেট নিয়ে ওই ম্যাচে সেরার পুরস্কার জেতা এজাজ প্যাটেল এগিয়েছেন ১২ ধাপ। কিউই বাঁহাতি স্পিনার আছেন ক্যারিয়ার সেরা ২২তম স্থানে। বাংলাদেশের বিপক্ষে দ্বিতীয় ইনিংসে ৫৯ রানে ৫ উইকেট নেওয়া দক্ষিণ আফ্রিকার বাঁহাতি স্পিনার কেশাভ মহারাজ ৪ ধাপ এগিয়ে এখন ১৯ নম্বরে।

টেস্ট অলরাউন্ডারদের মধ্যে আগের মতোই সবার ওপরে জাদেজা, দুইয়ে অশ্বিন। বাংলাদেশের মেহেদী হাসান মিরাজ (ষষ্ঠ) ৩ ধাপ নিচে নেমে যাওয়ায় এক ধাপ করে উপরে উঠেছেন তার সতীর্থ সাকিব আল হাসান (তৃতীয়), ওয়েস্ট ইন্ডিজের জেসন হোল্ডার (চতুর্থ) ও ইংল্যান্ডের জো রুট (পঞ্চম)।

## তারুণ্য নির্ভর আয়ারল্যান্ড নারী দল,
# গড় বয়স ২৩



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৩ ম্যাচের ওয়ানডে ও টি-টোয়েন্টি সিরিজ খেলতে বাংলাদেশ সফরে আসছে আয়ারল্যান্ড নারী দল। চলতি মাসের শেষের দিকেই শুরু হবে সিরিজটি। আসন্ন এই সফরের জন্য ১৫ সদস্যের স্কোয়াড ঘোষণা করেছে আইরিশরা।

আগামী ২৭ নভেম্বর সিরিজের প্রথম ওয়ানডে অনুষ্ঠিত হবে। সিরিজের বাকি দুই ওয়ানডে যথাক্রমে ৩০ নভেম্বর ও ২ ডিসেম্বর। ওয়ানডে সিরিজের সবগুলো ম্যাচই অনুষ্ঠিত হবে মিরপুরে। এই ম্যাচ তিনটি আইসিসি উইমেন্স চ্যাম্পিয়নশিপের অংশ।

দুই সিরিজেই আইরিশদের নেতৃত্ব দিবেন গ্যাবি লুইস। সিরিজে ক্রিকেটারদের গড় বয়স ২৩ বছরেরও কম। সব মিলিয়ে বাংলাদেশ সিরিজের দলে আছেন আয়ারল্যান্ডের ১৬ ক্রিকেটার। এরপর সিলেটে টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচ মাঠে গড়াবে ৫ ডিসেম্বর। আর বাকি দুই টি-টোয়েন্টি ৭ ও ৯ ডিসেম্বর। আয়ারল্যান্ড নারী স্কোয়াড- গ্যাবি লুইস, আভা কানিং, ক্রিশ্চিনা কোল্টার রেইলি, লরা ডিলানি, সারাহ ফোরবেস, অ্যামি হান্টার, আরলিন কেলি, অ্যাইমি মাগুইরে, জেন মাগুইরে, কারা মুরায়, লেয়াহ পল, ওরলা প্রেন্ডারগাস্ট, উনা রেমন্ড-হোয়, ফ্রেয়া সারগেন্ট এবং অ্যালিস টেক্টর।

# ওয়ানডে ফরম্যাটে লঙ্কান ডোলে ফিরলেন কুসাল পেরেরা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রায় এক বছর ধরে ওয়ানডেতে সুযোগ না পাওয়া কুসাল পেরেরাকে এই সংস্করণের দলে ফিরিয়েছে শ্রীলঙ্কা। অভিজ্ঞ এই কিপার-ব্যাটসম্যানের সঙ্গে নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজের দলে ফিরেছেন পেসার মোহামেদ শিরাজ।

ঘরের মাঠে কিউইদের বিপক্ষে দুই টি-টোয়েন্টি ও তিন ওয়ানডের সিরিজ খেলবে শ্রীলঙ্কা। দুই সংস্করণের জন্য আলাদা দুইটি দল ঘোষণা করেছে তারা।

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে অক্টোবরে তিনটি টি-টোয়েন্টি খেলেন পেরেরা। শেষ ম্যাচে করেন ৫৫ রান। কিন্তু ওয়ানডেতে দীর্ঘ দিন ধরে সুযোগ পাচ্ছিলেন না তিনি। এই সংস্করণে সবশেষ মাঠে নামেন গত বছরের নভেম্বরে, ওয়ানডে বিশ্বকাপে নিউ জিল্যান্ডের বিপক্ষে। এখন পর্যন্ত ১১৬ ওয়ানডে খেলা পেরেরা ৬ সেঞ্চুরিতে রান করেছেন ৩ হাজার ২৩৭। তার ব্যাটিং গড় ৩০.৫৩, স্ট্রাইক রেট ৯২.৮৮।

২৯ বছর বয়সী শিরাজ ক্যারিয়ারের একমাত্র ওয়ানডে খেলেছেন গত অগাস্টে ভারতের বিপক্ষে। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ওয়ানডে দলে রাখা হয়নি তাকে। ঘরোয়া ক্রিকেটে দারুণ পারফরম্যান্স করা এই ডানহাতি পেসারকে আবার দলে ফেরানো হয়েছে। লিস্ট 'এ' ক্রিকেটে এখন পর্যন্ত ৫৩ ম্যাচ খেলে তার শিকার ৮৪ উইকেট।

ক্যারিবিয়ানদের বিপক্ষে ২-১ ব্যবধানে জেতা টি-টোয়েন্টি সিরিজের দল অপরিবর্তিত রেখেছে লঙ্কানরা। তরুণ অলরাউন্ডার চামিন্দু উইক্রামাসিংহে জায়গা পেয়েছেন কিউইদের বিপক্ষে দুই সংস্করণের দলেই।

২০২২ সালের পর শ্রীলঙ্কার হয়ে সাদা বলে না খেলা দিনেশ চান্দিমাল ধরে রেখেছেন টি-টোয়েন্টি দলে জায়গা। পেসার বিনুরা ফার্নান্দো, মাথিশা পাথিরানা ও নুয়ান থুশারা আছেন কেবল টি-টোয়েন্টি দলে। শিরাজের সঙ্গে দিলশান মাদুশাঙ্কাকে রাখা হয়েছে কেবল ওয়ানডেতে। দুই সিরিজের দলেই আছেন আসিথা ফার্নান্দো।

শনিবার টি-টোয়েন্টি দিয়ে শুরু হবে দুই দলের মাঠের লড়াই। পরের টি-টোয়েন্টি রোববার। ওয়ানডে তিনটি যথাক্রমে ১৩, ১৭ ও ১৯ নভেম্বর। পাঁচ ম্যাচের প্রথম তিনটি হবে দাম্বুলায়, পরের দুটি পাল্লেকেলেতে।

শ্রীলঙ্কার টি-টোয়েন্টি দল: চারিথ আসালাঙ্কা (অধিনায়ক), পাথুম নিসাঙ্কা, কুসাল মেন্ডিস, কুসাল পেরেরা, কামিন্দু মেন্ডিস, দিনেশ চান্দিমাল, আভিশকা ফার্নান্দো, ভানুকা রাজাপাকসা, ওয়ানিন্দু হাসারাঙ্গা, মাহিশ থিকশানা, দুনিথ ওয়াল্লেলাগে, জেফ্রি ভ্যান্ডারসে, চামিন্দু উইক্রামাসিংহে, নুয়ান থুশারা, মাথিশা পাথিরানা, বিনুরা ফের্নান্দো, আসিথা ফার্নান্দো।

## ৪ থেকে ৬ সপ্তাহের জন্য
# ছিটকে গেলেন নেইমার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী অন্তত চার থেকে ছয় সপ্তাহের জন্য মাঠের থকে ছিটকে গেছেন ব্রাজিলিয়ান সুপারস্টার নেইমার। স্ক্যান রিপোর্ট অনুযায়ী নেইমারের সৌদি ক্লাব আল-হিলাল সূত্র এই তথ্য নিশ্চিত করেছে। গত সোমবার এএফসি চ্যাম্পিয়ন্স লিগ এলিট টুর্নামেন্টে এস্তেগলালের বিরুদ্ধে ৩-০ গোলের জয়ের ম্যাচটিতে দ্বিতীয়ার্ধে বদলি হিসেবে খেলতে নেমেছিলেন ৩২ বছর বয়সী নেইমার। কিন্তু ডান হ্যামস্ট্রিংয়ে চোট পেয়ে মাত্র ২৬ মিনিটের মধ্যে আবারও বদলি বেঞ্চে চলে যেতে বাধ্য হন। ২০২৩ সালে আকর্ষণীয় চুক্তিতে পিএসজি থেকে সৌদি পেশাদার লিগে পাড়ি জমিয়েছিলেন নেইমার। ডান হাঁটুর অস্ত্রোপচার শেষে দীর্ঘ এক বছরের ইনজুরি কাটিয়ে গত মাসে নেইমার মাঠে ফিরেছিলেন।

আল-হিলাল কোচ জর্জ জেসুস সপ্তাহের শুরুতে বলেছিলেন সাম্প্রতিক ইনজুরিতে নেইমারকে অন্তত দুই সপ্তাহ বিশ্রামে থাকতে হবে। আল-হিলালের পক্ষ থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে বলা হয়েছে, 'নেইমার এখন চিকিৎসা ও পুনর্বাসন প্রক্রিয়ার মধ্যে থাকবেন। পুরোপুরি সুস্থ হতে অন্তত চার থেকে ছয় সপ্তাহ সময় লাগবে।'

সৌদি লিগের বর্তমান চ্যাম্পিয়ন আল-হিলাল এখনো চলতি পেশাদার লিগে নেইমারকে নিবন্ধিত করেনি। গত মাস থেকে পেশাদার লিগের নতুন মৌসুম শুরু হয়েছে। যদিও বার্সেলোনার সাবেক এই সুপারস্টার একজন তালিকাভুক্ত খেলোয়াড় হিসেবে এশিয়ান সর্ববৃহৎ ক্লাব টুর্নামেন্ট এএফসি চ্যাম্পিয়ন্স লিগ এলিটে খেলার সুযোগ পেয়েছেন।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR